ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ২২৬ তারিখ: ৭২ জুলাই ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জুন ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৯ জুন ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ/বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত জুন ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। তিনি আরো বলেন কিছু কিছু সময়ে দেখা যায় যে, নথিসমূহ তিন-চার মাস পর্যন্ত অনিষ্পন্ন থাকছে যা কোন মতেই কাম্য নহে। অবশ্যই দুই মাসের মধ্যে নথি নিষ্পত্তি করতে হবে। | আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | বিভিন্ন শাখার কার্যক্রম পর্যালোচনা, সমস্যা ও সমাধান। | মহাপরিচালক নথি নিষ্পত্তিতে কোন সমস্যা আছে কিনা এ বিষয়ে জানতে চাইলে নথি উপস্থাপকগণ বলে অনুমোদিত নথিসমূহ হিসাব শাখায় প্রেরণ করা হলে সেখানে নথি নিষ্পত্তিতে বিলম্ব হয়। মহাপরিচালক নথি বিলম্বিত হওয়ার কারণ উদ্‌ঘাটনপূর্বক সমস্যা সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।<br>(খ) প্রবাসে মৃত কর্মীগণ নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন বাবদ প্রাপ্ত সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত বিতরণের জন্য মৃতের পরিবারের নিকট হতে ব্যাংক এ্যাকাউন্ট সংক্রান্ত সনদ ও স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ সনদে মৃতের স্ত্রী/ পিতা/মাতা/সন্তানকে ক্ষমতা প্রদানের সুপারিশসহ প্রত্যায়নের ভিত্তিতে অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) হিসাব শাখায় নথি বিলম্ব হওয়ার কারণ উদ্‌ঘাটনপূর্বক সমস্যা সমাধানের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(খ) প্রবাসে মৃত কর্মীগণ নিয়োগকর্তার নিকট হতে বকেয়া বেতন বাবদ প্রাপ্ত সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা পর্যন্ত বিতরণের জন্য মৃতের পরিবারের নিকট হতে ব্যাংক এ্যাকাউন্ট সংক্রান্ত সনদ ও স্থানীয় চেয়ারম্যান কর্তৃক ওয়ারিশ সনদে মৃতের স্ত্রী/ পিতা/মাতা/সন্তানকে ক্ষমতা প্রদানের সুপারিশসহ প্রত্যায়নের ভিত্তিতে অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল) |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেবাসমূহ ব্যাপকভাবে প্রচারের জন্য জেলা পর্যায়ে কর্মশালা আয়জন প্রসংগে। | বিগত ১৩ মে ২০১৮ তারিখ অনুষ্ঠিত এপ্রিল ২০১৮ এর মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিত করণের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে ওয়ার্কশপ আয়োজন এবং এতদসংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ সম্পর্কে বিস্তারিত উল্লেখপূর্বক বোর্ড সভায় একটি প্রস্তাব উপস্থাপনের জন্য সভায় আলোচনা হয়। | প্রবাসী কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণের লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে ওয়ার্কশপ আয়োজন এবং এতদসংক্রান্ত বিষয়ে প্রাক্কলিত বাজেট প্রস্তুতপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। পরিচালক (অর্থ ও কল্যাণ) এর নেতৃত্বে অন্যান্য পরিচালকগণ এ বিষয়ে একটি রূপরেখা প্রণয়ন করবেন। | পরিচালক (সকল) |
| ৪.০ | সুপার এ্যানুয়েশন ফান্ড গঠন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি শেষে এককালীন গ্রাচুইটি ও অন্যান্য আর্থিক সুযোগ- সুবিধা প্রদানের লক্ষ্যে একটি সুপার এ্যানুয়েশন ফান্ড গঠনের নিমিত্ত মে ২০১৮ এর মাসিক সমন্বয় সভায় ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সুপার এ্যানুয়েশন ফান্ড গঠনের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান হতে তথ্য উপাত্ত সংগ্রহ করে সুপার এ্যানুয়েশ ফান্ড গঠনের একটি নীতিমালা প্রণয়নের বিষয়টি প্রক্রিয়াধীন। উক্ত সুপার এ্যানুয়েশন ফান্ড গঠনের বিষয়ে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অনুমোদন প্রয়োজন বিধায় এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক বোর্ড সভায় প্রস্তাব উপস্থাপন করার জন্য সভায় আলোচনা হয়। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের চাকুরি শেষে এককালীন গ্র্যাচুইটি ও অন্যান্য আর্থিক সুযোগ- সুবিধা প্রদানের লক্ষ্যে সুপার এ্যানুয়েশন ফান্ড গঠনের লক্ষ্যে যৌক্তিকতাসহ বিস্তারিত উল্লেখপূর্বক নীতিগত অনুমোদনের জন্য বোর্ড সভায় একটি প্রস্তাব উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | ইআরপি সিস্টেম কার্যকর করণ। | পরিচালক (আইআরপি) জনান যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ইআরপি সফটওয়ার সুষ্ঠুভাবে ও যথাযথভাবে পরিচালনার নিমিত্ত গঠিত কমিটি ইতোমধ্যে টেকনোহেভেন এর সাথে যৌথ সভা করেন এবং সফটওয়ারে প্রয়োজনীয় সংশোধন ও সংযোজনপূর্বক উদ্ভূত সমস্যা সমাধান করেন। মহাপরিচালক বলেন, ইআরপি সফটওয়ার সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী নিশ্চিত হয়ে সফটওয়ার সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম ডিজিটাল প্রক্রিয়ায় আনয়নের জন্য ইআরপি ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>(খ) ইআরপি সফটওয়ার সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী নিশ্চিত হয়ে সফটওয়ার সরবরাহকারী প্রতিষ্ঠানকে বিল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভার শেষে এ কার্যালয়ে প্রেষণে নিয়োগকৃত উপ-সচিব জনাব শহিদুল ইসলাম এর অন্যত্র বদলী হওয়ায় এবং চুক্তি ভিত্তিক নিয়োগপ্রাপ্ত হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মোঃ জহিরুল হক ভূইয়া এর চাকুরির মেয়াদ শেষ হওয়ায় উভয়কে বিদায় সংবর্ধণা দেয়া হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এ্যাডমিনিঃ, আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।